**প্রথম আলো**



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল চত্বরে নিমগাছের চারা রোপণের মাধ্যমে মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন জুবাইদা রহমান। গতকাল সকালে। ছবি : ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের সৌজন্যে

# পরিবেশ সুরক্ষায় শিক্ষক শিক্ষার্থীরা কার্যকর অবদান রাখতে পারেন: জুবাইদা

**প্রতিবেদক**, *ঢাকা বিশ্ববিদ্যালয়*

জিয়াউর রহমান ফাউন্ডেশনের (জেডআরএফ) সহসভাপতি জুবাইদা রহমান বলেছেন, 'পরিবেশ সুরক্ষা এবং দেশের বিভিন্ন সমস্যার বৈজ্ঞানিক সমাধান বের করার ক্ষেত্রে শিক্ষক ও শিক্ষার্থীরা কার্যকর অবদান রাখতে পারেন। ভবিষ্যৎ প্রজন্মের জন্য বর্তমান পৃথিবীকে আরও সুন্দর, সবুজ ও বাসযোগ্য করে গড়ে তুলতে নিজ নিজ অবস্থান থেকে কাজ করতে হবে।'

রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাসব্যাপী বৃক্ষরোপণ এবং 'ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে বিজ্ঞান মেলা' শীর্ষক কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে জুবাইদা রহমান এ কথা বলেন।

গতকাল বুধবার সকালে বিশ্ববিদ্যালয়ের কার্জন হল চত্বরে নিমগাছের চারা রোপণের মাধ্যমে এ কর্মসূচির উদ্বোধন করেন জুবাইদা রহমান। পরে উদ্ভিদবিজ্ঞান বিভাগের সেন্ট্রাল গ্যালারিতে এ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জুবাইদা রহমান বৃক্ষরোপণকে একটি সামাজিক ও অর্থনৈতিক সবুজ বিপ্লবে রূপান্তরের আহ্বান জানান। তিনি আরও বলেন, 'শিক্ষার্থীদের

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এ বি এম ওবায়দুল ইসলাম বলেন, পরিবেশ সংরক্ষণ ও জলবায়ুসহনশীলতা বৃদ্ধিতে সরকার আগামী পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষ রোপণের লক্ষ্যমাত্রা নিয়েছে। এই বিজ্ঞান মেলা ও বৃক্ষরোপণ কর্মসূচি একটি বিজ্ঞানমনস্ক জাতি গঠনে সহায়ক হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

ইমেরিটাস অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দার বলেন, জলবায়ু পরিবর্তন বর্তমান বিশ্বের বড় চ্যালেঞ্জ। এই প্রেক্ষাপটে বৃক্ষরোপণ কেবল পরিবেশগত কাজ নয়; বরং এটি জাতীয় নিরাপত্তা ও খাদ্যনিরাপত্তার সঙ্গেও জড়িত।

সভাপতির বক্তব্যে জেডআরএফের ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক অধ্যাপক মোর্শেদ হাসান খান বলেন, বৃক্ষরোপণকে জাতীয় কর্মসূচি হিসেবে প্রথম শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানই স্বীকৃতি দিয়েছিলেন। ১৯৭৮ সালে যখন জলবায়ু পরিবর্তনের বিষয়টি বৈশ্বিক আলোচনায় সেভাবে আসেনি, তখন থেকেই তিনি বনায়নকে জাতীয় দায়িত্ব হিসেবে ঘোষণা করেন।

অনুষ্ঠান সঞ্চালনা করেন শাহাদাতবার্ষিকী পালন কমিটির আহ্বায়ক অধ্যাপক লুৎফর রহমান। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক আবদুস সালাম, সহ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মোহাম্মদ আলমোজাদ্দেদী আলফেছানী, কোষাধ্যক্ষ অধ্যাপক এম জাহাঙ্গীর আলম চৌধুরীসহ বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর ও হল প্রাধ্যক্ষরা উপস্থিত ছিলেন।

**The New Age**



Zubaida Rahman, vice-president of the Ziaur Rahman Foundation and wife of prime minister Tarique Rahman, inaugurates a month-long tree plantation programme by planting a neem sapling on the premises of Curzon Hall at the University of Dhaka on Wednesday. — Press release

# Zubaida Rahman inaugurates tree plantation prog, science fair at DU

**Staff Correspondent**

ZUBAIDA Rahman, vice-president of the Ziaur Rahman Foundation and wife of prime minister Tarique Rahman, inaugurated a month-long tree plantation programme and a science fair titled Science Fair in Search of Future Scientists at the University of Dhaka on Wednesday.

The ZRF organised the programmes to mark the 45th anniversary of death of the late president and Bangladesh Nationalist Party founder Ziaur Rahman, said a press release.

Zubaida Rahman was present as chief guest while Dhaka University vice-chancellor Professor ABM Obaidul Islam was present as special guest at the programme, which was preside over by ZRF acting executive director Professor Morshed Hasan Khan.

Zubaida Rahman inaugurated the tree plantation pro- sapling on the premises of Curzon Hall at the DU. Later, she inaugurated the science fair 2026 at the Central Gallery of the department of botany.

Paying tribute to Ziaur Rahman and former prime minister Khaleda Zia, Zubaida Rahman called for a green revolution through tree plantation, mentioning that it could help protect the environment and build a more liveable world.

She also stressed the importance of developing a science-minded generation, hoping that the country must move forward through innovative scientific innovations.

She expressed hope that it would be possible to alleviate the suffering of the people of the country through scientific research and innovation.

Zubaida Rahman invited university students, teachers and young researchers to participate in the science competition aimed at identi-

**ইত্তেফাক**



গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে নিমগাছের চারা রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমানের সহধর্মিণী ডা. জুবাইদা রহমান —বাসস

# বৃক্ষ রোপণের মাধ্যমে বাসযোগ্য পৃথিবী গড়ে তোলার সুযোগ তৈরি হয় : জুবাইদা রহমান

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জিয়াউর রহমান ফাউন্ডেশনের (জেডআরএফ) উদ্যোগে মাসব্যাপী বৃক্ষরোপণ এবং 'ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে বিজ্ঞান মেলা-২০২৬' এর উদ্বোধন করেছেন জেডআরএফর ভাইস প্রেসিডেন্ট ডা. জুবাইদা রহমান।

গতকাল বুধবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে নিম গাছের চারা রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন তিনি। পরে উদ্ভিদ বিজ্ঞান বিভাগের সেন্ট্রাল গ্যালারিতে 'ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে বিজ্ঞান মেলা-২০২৬' এর উদ্বোধন করেন ডা. জুবাইদা রহমান। এ সময় প্রধান অতিথির বক্তব্যে জুবাইদা রহমান বলেন, পরিবেশ সুরক্ষা এবং দেশের বিভিন্ন সমস্যার বৈজ্ঞানিক সমাধান বের করার ক্ষেত্রে শিক্ষক ও শিক্ষার্থীরা কার্যকর অবদান রাখতে পারেন।

তিনি আরো বলেন, বৃক্ষরোপণকে গতানুগতিক কর্মসূচির মধ্যে না রেখে জনগণের অংশগ্রহণে এটিকে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের এক সবুজ বিপ্লবে রূপান্তর করতে হবে। এ লক্ষ্যে তিনি সবুজ স্বেচ্ছাসেবা, ক্লাইমেট ইউথ ফেলোশিপ এবং পরিবেশ স্টার্টআপ তহবিল গঠনের ওপর গুরুত্বারোপ করেন।

জুবাইদা রহমান বলেন, শিক্ষার্থীদের মাঝে পরিবেশ বিষয়ে সচেতনতা সৃষ্টিতে স্কুল পাঠ্যক্রমে সবুজ স্বেচ্ছাসেবা সংযুক্ত করতে হবে। বিজ্ঞানমনস্ক প্রজন্ম গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, চিকিৎসাবিদ্যা, উদ্ভিদবিদ্যা, পদার্থবিদ্যা, রসায়ন ও তথ্যপ্রযুক্তিসহ বিভিন্ন ক্ষেত্রে বৈজ্ঞানিক উদ্ভাবন ও সুস্থ প্রতিযোগিতার মাধ্যমে দেশের নানা সমস্যার সমাধান সম্ভব। নতুন নতুন উদ্ভাবনের মধ্য দিয়ে মানুষের কষ্ট লাঘব এবং উন্নত বাংলাদেশ গড়ে তোলার পথ সুগম হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম বলেন, বর্তমান সরকার পরিবেশ সংরক্ষণ, জলবায়ু সহনশীলতা বৃদ্ধি ও জাতীয় উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে। এ লক্ষ্যে সরকার আগামী পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণের কর্মসূচি গ্রহণ করেছে। যা পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ এবং জলবায়ু সহনশীলতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

জিয়াউর রহমান ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোর্শেদ হাসান খান বলেন, বৃক্ষরোপণ ও বনায়ন একটি জাতীয় দায়িত্ব। রাষ্ট্রীয় পর্যায়ে শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের কণ্ঠে সেই দায়িত্বের দর্শন সর্বপ্রথম উচ্চারিত হয়েছিল।

**আগামীর সময়**

# গাছ লাগিয়ে বাসযোগ্য পৃথিবী গড়ার আহ্বান ডা. জুবাইদার

আগামীর সময় প্রতিবেদক

বৃক্ষরোপণকে একটি প্রচলিত কর্মসূচি হিসেবে না দেখার আহ্বান জানালেন জিয়াউর রহমান ফাউন্ডেশনের (জেডআরএফ) ভাইস প্রেসিডেন্ট ডা. জুবাইদা রহমান। বরং জনগণের অংশগ্রহণের মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক ও প্রজন্মগত উন্নয়নের মাধ্যমে গাছ লাগানোকে সবুজবিপ্লবে রূপান্তরের পরামর্শ তার। এ লক্ষ্যে তুলে ধরেন গ্রিন ভলান্টিয়ারিজম, সবুজ স্বেচ্ছাসেবা, ক্লাইমেট ইয়ুথ ফেলোশিপ এবং পরিবেশভিত্তিক স্টার্টআপ তহবিল গঠনের প্রস্তাবও। গতকাল বুধবার ছিল বিএনপির প্রতিষ্ঠাতা প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে মাসব্যাপী বৃক্ষরোপণ এবং ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে বিজ্ঞান মেলার উদ্বোধনী অনুষ্ঠান। সেখানেই এসব কথা বললেন প্রধানমন্ত্রী তারেক রহমানের স্ত্রী ডা. জুবাইদা। গাছ লাগানোর মাধ্যমে পৃথিবী আরও বাসযোগ্য হয়ে উঠবে— এমন প্রত্যাশা জানিয়ে তিনি বললেন, গাছ লাগালে দেশের প্রতিটি গ্রাম এবং শহর আরও সবুজ, নির্মল ও সৌন্দর্যমণ্ডিত হয়ে উঠবে।

জেডআরএফের ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক অধ্যাপক ড. মোর্শেদ হাসান খানের সভাপতিত্বে অনুষ্ঠান পরিচালনা করেন জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে জেডআরএফ গঠিত কমিটির আহ্বায়ক অধ্যাপক লুৎফর রহমান।

**দিনকাল**



জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ও বিশিষ্ট কার্ডিওলজিস্ট ডা. জুবাইদা রহমান গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে নিম গাছের চারা রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন -পিআইডি

# সুন্দর ও বাসযোগ্য পৃথিবী গড়ে তোলা হবে: জুবাইদা রহমান

**আবদুল্লাহ জেয়াদ:** মহান স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমের ৪৫তম শাহাদতবার্ষিকী উপলক্ষে জিয়াউর রহমান ফাউন্ডেশনের (জেডআরএফ) উদ্যোগে 'মাসব্যাপী বৃক্ষরোপণ' এবং 'ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে-বিজ্ঞান মেলা ২০২৬'-এর উদ্বোধন করেন জেডআরএফের ভাইস প্রেসিডেন্ট ও বিশিষ্ট কার্ডিওলজিস্ট ডা. জুবাইদা রহমান। গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে নিম গাছের চারা রোপণের মাধ্যমে তিনি বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন। পরে উদ্ভিদবিজ্ঞান বিভাগের সেন্ট্রাল গ্যালারিতে 'ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে-বিজ্ঞান মেলা ২০২৬'-এর উদ্বোধন করেন। প্রধান অতিথির বক্তব্যে ডা. জুবাইদা রহমান গভীর শ্রদ্ধার সঙ্গে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং বেগম খালেদা জিয়াকে স্মরণ করেন। তিনি বলেন, বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশ সুরক্ষা, ছায়া সৃষ্টি এবং একটি সুন্দর ও বাসযোগ্য পৃথিবী গড়ে তোলার সুযোগ তৈরি হয়। ডা. জুবাইদা রহমান বলেন, শিক্ষক-শিক্ষার্থী ও গবেষকেরা দেশের বিভিন্ন সমস্যার বৈজ্ঞানিক সমাধান উদ্ভাবনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন। তিনি আশা প্রকাশ করেন, ভবিষ্যৎ প্রজন্মের জন্য দেশের প্রতিটি গ্রাম ও শহর আরও সবুজ, নির্মল ও সৌন্দর্যমণ্ডিত হয়ে উঠবে। তিনি বৃক্ষরোপণকে শুধু একটি প্রচলিত কর্মসূচি হিসেবে না দেখে জনগণের অংশগ্রহণের মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক ও প্রজন্মগত উন্নয়নের 'সবুজ বিপ্লবে' রূপান্তরের আহ্বান জানান। এ লক্ষ্যে গ্রিন ভলান্টিয়ারিজম, সবুজ স্বেচ্ছাসেবা, ক্লাইমেট ইয়ুথ ফেলোশিপ এবং পরিবেশভিত্তিক স্টার্ট-আপ তহবিল গঠনের প্রস্তাবও তুলে ধরেন। শিক্ষার্থীদের পরিবেশ বিষয়ে সচেতন করতে স্কুলের পাঠ্যক্রমে সবুজ স্বেচ্ছাসেবার বিষয় অন্তর্ভুক্ত করার ওপরও গুরুত্বারোপ করেন তিনি। তিনি আরও বলেন, 'ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে' প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষকদের আমন্ত্রণ জানানো হবে। ডা. জুবাইদা রহমান বলেন, চিকিৎসাবিদ্যা, উদ্ভিদবিদ্যা, পদার্থবিদ্যা, রসায়ন ও তথ্যপ্রযুক্তিসহ বিভিন্ন ক্ষেত্রে বৈজ্ঞানিক উদ্ভাবন এবং সুস্থ প্রতিযোগিতার মাধ্যমে দেশের নানা সমস্যার সমাধান সম্ভব। নতুন নতুন উদ্ভাবনের মধ্য দিয়ে মানুষের কষ্ট লাঘব এবং উন্নত বাংলাদেশ গড়ে তোলার পথ আরও সুগম হবে। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানিয়ে ডা. জুবাইদা রহমান প্রতিযোগিতার সর্বাঙ্গীণ সফলতা কামনা করেন। উল্লেখ্য, কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে একই দিনে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়েও বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়।

পৃষ্ঠা ২ কলাম ১

## সুন্দর ও বাসযোগ্য পৃথিবী

প্রথম পাতার পর

প্রতিযোগিতার সর্বাঙ্গীণ সফলতা কামনা করেন। উল্লেখ্য, কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে একই দিনে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়েও বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়। জেডআরএফের ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক অধ্যাপক ড. মোর্শেদ হাসান খানের সভাপতিত্বে এবং জিয়াউর রহমানের শাহাদতবার্ষিকী উপলক্ষে জেডআরএফ গঠিত কমিটির আহ্বায়ক অধ্যাপক লুৎফর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ ফ ম ইউসুফ হায়দার, বর্তমান উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম, জেডআরএফের পরিচালক ডা. মোস্তফা আজিজ সুমন এবং কৃষিবিদ বয়জার রহমান প্রমুখ।

এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুস সালাম, অধ্যাপক আল মোজাদ্দেদী আলফেছানী, জেডআরএফের পরিচালক ডা. শাহ মুহাম্মদ আমান উল্লাহ, অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাম্মদ শামীম, কৃষিবিদ শফিউল আলম দিদার, আমিরুল ইসলাম কাগজীসহ বিভিন্ন অনুষদের ডিন, চেয়ারম্যান এবং শিক্ষক-শিক্ষার্থীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

**সংগ্রাম**

# ঢাবির কার্জন হল প্রাঙ্গণে গাছ রোপণ ডা. জোবাইদা রহমানের

■ স্টাফ রিপোর্টার

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে জিয়াউর রহমান ফাউন্ডেশন (জেডআরএফ) আয়োজিত মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি এবং 'ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে বিজ্ঞান মেলার উদ্বোধন করেছেন ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ও বিশিষ্ট কার্ডিওলজিস্ট ডা. জুবাইদা রহমান। গতকাল বুধবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে একটি নিমগাছের চারা রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন তিনি। পরে বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের সেন্ট্রাল গ্যালারিতে আয়োজিত 'ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজেবিজ্ঞান মেলা-২০২৬'-এর উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেডআরএফের ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক অধ্যাপক ড. মোর্শেদ হাসান খান। সঞ্চালনায় ছিলেন জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে গঠিত কমিটির আহ্বায়ক অধ্যাপক লুৎফর রহমান। এসময় বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ ফ ম ইউসুফ হায়দার, বর্তমান উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম, জেডআরএফের পরিচালক ডা. মোস্তফা আজিজ সুমন এবং কৃষিবিদ বয়জার রহমানসহ অন্যান্য অতিথিরা।

**বর্তমান**



# বৃক্ষরোপণের মাধ্যমে বাসযোগ্য পৃথিবী গড়ার আহ্বান ডা. জুবাইদা রহমানের

বর্তমান প্রতিবেদক

বৃক্ষরোপণের মাধ্যমে বাসযোগ্য পৃথিবী গড়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রীর সহধর্মিণী ডা. জুবাইদা রহমান। তিনি বলেন, ভবিষ্যৎ প্রজন্মের জন্য দেশের প্রতিটি গ্রাম এবং শহর আরও সবুজ, নির্মল ও সৌন্দর্যমণ্ডিত হয়ে উঠবে। বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের ৪৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে গতকাল বুধবার জিয়াউর রহমান ফাউন্ডেশন (জেডআরএফ) উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে মাসব্যাপী বৃক্ষরোপণ এবং ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে বিজ্ঞান মেলার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি জেডআরএফর ভাইস প্রেসিডেন্ট। সেখানে নিম ▶▶ এরপর পৃষ্ঠা ২

## বৃক্ষরোপণের মাধ্যমে

গাছের চারা রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন ডা. জুবাইদা রহমান। পরে উদ্ভিদ বিজ্ঞান বিভাগের সেন্ট্রাল গ্যালারিতে ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে বিজ্ঞান মেলার উদ্বোধন করেন তিনি। ডা. জুবাইদা রহমান বক্তব্যের শুরুতে গভীর শ্রদ্ধার সঙ্গে প্রয়াত জিয়াউর রহমান এবং খালেদা জিয়াকে স্মরণ করেন। তিনি বলেন, বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশ সুরক্ষা, ছায়া সৃষ্টি এবং একটি সুন্দর ও বাসযোগ্য পৃথিবী গড়ে তোলার সুযোগ তৈরি হয়। ডা. জুবাইদা রহমান বলেন, শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীরা দেশের বিভিন্ন সমস্যার বৈজ্ঞানিক সমাধান উদ্ভাবনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন। বৃক্ষরোপণকে শুধু একটি প্রচলিত কর্মসূচি হিসেবেনা দেখে জনগণের অংশগ্রহণের মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক ও প্রজন্মগত উন্নয়নের 'সবুজ বিপ্লবে রূপান্তরের আহ্বান জানান। এ লক্ষ্যে গ্রিন ভলান্টিয়ারিজম, সবুজ স্বেচ্ছাসেবা, ক্লাইমেট ইয়ুথ ফেলোশিপ এবং পরিবেশভিত্তিক স্টার্টআপ তহবিল গঠনের প্রস্তাবও তুলে ধরেন। শিক্ষার্থীদের পরিবেশ-সচেতন করতে স্কুলের পাঠ্যক্রমে সবুজ স্বেচ্ছাসেবার বিষয়যুক্ত করার ওপর গুরুত্বারোপ করে জেডআরএফর ভাইস প্রেসিডেন্ট বলেন, 'ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষকদের আমন্ত্রণ জানানো হবে। তিনি বলেন, চিকিৎসাবিদ্যা, উদ্ভিদবিদ্যা, পদার্থবিদ্যা, রসায়ন ও তথ্যপ্রযুক্তিসহ বিভিন্ন ক্ষেত্রে বৈজ্ঞানিক উদ্ভাবন ও সুস্থ প্রতিযোগিতার মাধ্যমে দেশের নানা সমস্যার সমাধান সম্ভব। নতুন নতুন উদ্ভাবনের মধ্য দিয়ে মানুষের কষ্ট লাঘবএবং উন্নত বাংলাদেশ গড়ে তোলার পথ সুগম হবে। জেডআরএফ'র ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক অধ্যাপক ড. মোর্শেদ হাসান খানের সভাপতিত্বে ও জিয়াউর রহমানের শাহাদাত বার্ষিকী উপলক্ষে জেডআরএফ গঠিত কমিটির আহ্বায়ক অধ্যাপক লুৎফর রহমানের পরিচালনায় অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক ড. আ ফ ম ইউসুফ হায়দার, বর্তমান ভিসি অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম ও জেডআরএফ'র পরিচালক ডা. মোস্তফা আজিজ সুমন,

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩

DU in Media

11 June 2026

**যুগান্তর**



সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে নিমগাছের চারা রোপণের মাধ্যমে মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করছেন জেডআরএফের ভাইস প্রেসিডেন্ট ও হৃদরোগ বিশেষজ্ঞ ডা. জুবাইদা রহমান সংগৃহীত

# বৃক্ষরোপণকে 'সবুজ বিপ্লবে' রূপ দিতে হবে

——ডা. জুবাইদা রহমান

**ঢাবি প্রতিনিধি**

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে জিয়াউর রহমান ফাউন্ডেশনের (জেডআরএফ) উদ্যোগে মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি এবং 'ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে-বিজ্ঞান মেলা ২০২৬'-এর উদ্বোধন করা হয়েছে। বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কার্জন হল প্রাঙ্গণে নিমগাছের চারা রোপণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন জেডআরএফের ভাইস প্রেসিডেন্ট ও হৃদরোগ বিশেষজ্ঞ ডা. জুবাইদা রহমান। পরে বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের সেন্ট্রাল গ্যালারিতে তিনি 'ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে-বিজ্ঞান মেলা ২০২৬'-এর উদ্বোধন করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডা. জুবাইদা রহমান বলেন, বৃক্ষরোপণ পরিবেশ সুরক্ষা, ছায়া সৃষ্টি এবং সুন্দর ও বাসযোগ্য পৃথিবী গড়ে তোলার গুরুত্বপূর্ণ মাধ্যম। বৃক্ষরোপণ কর্মসূচিকে জনগণের অংশগ্রহণের মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক ও প্রজন্মগত উন্নয়নের 'সবুজ বিপ্লবে' রূপান্তরের আহ্বান জানান তিনি। এ লক্ষ্যে গ্রিন ভলান্টিয়ারিজম, ক্লাইমেট ইয়ুথ ফেলোশিপ এবং পরিবেশভিত্তিক স্টার্টআপ তহবিল গঠনের প্রস্তাবও তুলে ধরেন।

জেডআরএফের ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক অধ্যাপক ড. মোর্শেদ হাসান খানের সভাপতিত্বে এবং জিয়াউর রহমানের শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে গঠিত কমিটির আহ্বায়ক অধ্যাপক লুৎফর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য দেন—ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম, সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ ফ ম ইউসুফ হায়দার, জেডআরএফের পরিচালক ডা. মোস্তফা আজিজ সুমন এবং কৃষিবিদ বয়জার রহমান।

এ সময় উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুস সালাম, অধ্যাপক আল মোজাদ্দেদী আলফে ছানী, জেডআরএফের পরিচালক ডা. শাহ মুহাম্মদ আমান উল্লাহ, অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাম্মদ শামীম, কৃষিবিদ শফিউল আলম দিদার, আমিরুল ইসলাম কাগজীসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান এবং শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসাবে একইদিনে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়েও বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়।

**The Country Today**

# Courtesy call from DUCSU VP pays courtesy calll on DU VC ahead of UK visit

**DU Correspondent**

DUCSU VP Sadiq Kayem paid a courtesy call on Dhaka University Vice Chancellor Professor Dr. ABM Obaidul Islam on Wednesday ahead of his visit to the United Kingdom. During this time, he sought blessings from the Vice Chancellor.

It is worth noting that the DUCSU VP is visiting the UK to participate in a discussion meeting at the invitation of the Oxford Union.

During the visit, he will participate in various bilateral meetings including a speech at the Oxford Union.

During this time, discussions **Continued to page 4**




## Courtesy call from

will be held on various issues of public importance, including facilitating academic communication between university students of the two countries, deepening mutual relations, and increasing scholarship opportunities for Bangladeshi students.